

নির্বাচনের সময় ক্ষতিগ্রস্ত ৫টি স্কুল মেরামত হয়নি

■ আশ্রয়মাণ প্রতিনিধি

গত বছরের ৫ জানুয়ারি সংসদ নির্বাচনের আগের দিন রাতে ঝিনাইদহ জেলায় পুড়িয়ে দেয়া ৬টি প্রাইমারি স্কুল ভবন মেরামত করা হয়নি।

নির্বাচন বর্জনকারিরা নির্বাচনের আগের দিন রাতে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ভোট কেন্দ্র স্থাপন করা হয় ঝিনাইদহ জেলায় এমন ২৪টি স্কুল পুড়িয়ে দেয়। সরকার থেকে বলা হয়েছিল পোড়ানো স্কুলগুলো পুনর্নির্মাণ বা মেরামত করা হবে। উপজেলা প্রশাসন ক্ষয়ক্ষতি নির্ধারণ করে টাকার জন্য ঢাকাতে সংশ্লিষ্ট দফতরে পাঠায়। বরাদ্দ না আসায় মেরামত বা পুনর্নির্মাণ করা যায়নি।

উপজেলা প্রাইমারি শিক্ষা অফিসার দীন মোহাম্মদ জানান, টাকা না আসায় স্কুলটি সংস্কার করা যায়নি। বিকল্প ব্যবস্থায় ক্রাস নেয়া হচ্ছে।



ঝিনাইদহ: শৈলকুপা উপজেলার লোলিত মোহন ভূইয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ক্ষতিগ্রস্ত আসবাবপত্র

-ইত্তেফাক